

# মুগাদুস

প্রিন্ট: ২৪ মে ২০২৫, ০৯:৩৬ এএম

## শিক্ষাজ্ঞন

শেকুবিতে কুরআন প্রতিযোগিতা

## শিবিরের কুরআন প্রতিযোগিতায় পুরস্কার পেলেন খ্রিস্টান শিক্ষার্থী



শেকুবি প্রতিনিধি

প্রকাশ: ২৩ মে ২০২৫, ১১:০৮ পিএম



ইসলামী ছাত্রশিবির শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকৃবি) শাখা আয়োজিত আল-কুরআন ও ইসলামি জ্ঞান প্রতিযোগিতা ২০২৫-এ অংশ নিয়ে পুরস্কার পেয়েছেন খ্রিস্টান ধর্মাবলম্বী শিক্ষার্থী পাভেল রোজারিও ।

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের এম মহবুবজামান অ্যাকাডেমিক ভবনের সেমিনার রুমে ‘একুশ শতকের চ্যালেঞ্জ ও যুব মানস’ শীর্ষক বিশেষ সেমিনার ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয় । এ সময় তার হাতে পুরস্কার তুলে দেন ইসলামী ছাত্রশিবিরের প্রকাশনা সম্পাদক আবু সাদিক কয়েম ।

রমজান মাসকে কেন্দ্র করে ৩১ মার্চ তিন ক্যাটাগরিতে আল-কুরআন ও ইসলামি জ্ঞান প্রতিযোগিতার আয়োজন করে শেকৃবি শাখা ছাত্রশিবির । এতে ছেলে ও মেয়েসহ মোট ২১ জনকে পুরস্কৃত করা হয় । অমুসলিম ক্যাটাগরিতেও প্রতিযোগিতার সুযোগ ছিল, যার সিলেবাসে নির্ধারিত ছিল দুটি বই । এই অমুসলিম ক্যাটাগরিতেই বিজয়ী হয়েছেন পাভেল ।

পাভেল বলেন, শিবির যে ভিন্ন ধর্মাবলম্বীদের পুরস্কৃত করে তা আমার জানা ছিল না । আমি প্রতিযোগিতার পোস্ট দেখে সেখানে অংশ নিই । এরকম একটা পুরস্কার পাব চিন্তা করিনি । পুরস্কার পেয়ে ভালো লাগছে ।

অনুষ্ঠানে আলোচক হিসাবে উপস্থিত ছিলেন- অ্যাকাডেমি-২১ এর চেয়ারম্যান, লেখক ও গবেষক জিয়াউল হক ।

প্রধান অতিথি ছিলেন ইসলামী ছাত্রশিবিরের প্রকাশনা সম্পাদক এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা মহানগর পশ্চিম শাখা ছাত্রশিবিরের সভাপতি এইচএম সালাহউদ্দিন মাহমুদ ।

▼